

ADC/ জেল প্রিস্টের
 দেশ ও বাংলাদেশ সরকার
 জাতীয় রাজস্ব বোর্ড
 ঢাকা
 মুদ্রণ মুদ্রণ চৈতেন
 নম্বর (১৬) তারিখ: ১৭/১৯/১৭
 তারিখ: ০৮ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ/২৩ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ
 (আবগারি)
 বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ১২/আবগারি/২০১৭।- যেহেতু, বিমান টিকিটের ক্ষেত্রে আবগারি শুল্কের নৃতন হার গত ১
 জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইয়াছে, কিন্তু সরকার নির্ধারিত হচ্ছে প্যাকেজের মূল্য বিশেষভাবে বিমান
 টিকিটের খরচ বাবদ টাকার অংক নির্ধারণ করা হইয়াছিল গত ২০১৬-১৭ অর্থ বছরের জন্য প্রযোজ্য আবগারি শুল্কের
 পরিমাণকে বিবেচনায় লইয়া; এবং

যেহেতু, ইতোমধ্যে হচ্ছে ব্যবস্থাপনায় নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক পূর্বতন হারে আবগারি শুল্ক সংগ্রহ করা
 হইয়াছে এবং এই কারণে অতিরিক্ত পরিমাণ আবগারি শুল্ক পরিশোধের বিষয়ে জটিলতার উপর হইয়াছে;

সেহেতু, Excise and Salt Act, 1944 (Act No. I of 1944), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর
 section 12A (2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত Act এর FIRST SCHEDULE এর PART-II
 এর SERVICE এর টেবিলের কলাম (১) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সেবার
 ক্ষেত্রে পবিত্র হচ্ছে, ২০১৭ পালনের উদ্দেশ্যে সৌন্দি আরব গমনকারী হজযাত্রীদের বিমান টিকিটের উপর হইতে কলাম (৩)
 এ বর্ণিত আবগারি শুল্ক যেই পরিমাণ ১০০০ টাকার অতিরিক্ত হয় সেই পরিমাণ আবগারি শুল্ক এতদ্বারা অব্যাহতি প্রদান
 করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/ ২৩/০৭/২০১৭
 (মোঃ নজিবুর রহমান)
 চেয়ারম্যান

প্রাপকঃ উপ-পরিচালক
 বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
 ঢেজগাঁও, ঢাকা।

(তাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) শেষে কলি মুদ্রণ ও মুদ্রিত কলি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ড
 সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০৮৫.১৪/ ১৪৮

তারিখ: ২৩/০৭/২০১৭ খ্রিঃ।

(ক) অনুসিদ্ধি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেন্ট্যার ক্রয়ানুসারে নয়)

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এ্যালিফেন্ট রোড, ঢাকা।
- ৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬-৮। সদস্য (শুল্ক নীতি) / সদস্য (মুসক নীতি) / সদস্য (মুসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। মহা-পরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
- ১০। পরিচালক, বাংলাদেশ হজ অফিস, হাজী ক্যাম্প, এয়ারপোর্ট-দক্ষিণখান রোড, ঢাকা-১২৩০।
- ১১-১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) / ঢাকা (দক্ষিণ) / ঢাকা (পূর্ব) / ঢাকা (পশ্চিম) / চট্টগ্রাম / কুমিল্লা/খুলনা/ঘোরা/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে উক্ত আদেশটি ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যে
 প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ১৪। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৬। দ্বিতীয় সচিব (মুসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(মোঃ তারেক হাসান)
 দ্বিতীয় সচিব (মুসক)